

মুখবন্ধ

প্রতিকূল রাজনৈতিক পরিবেশ বিরাজমান থাকা সত্ত্বেও বাংলাদেশ ২০০৩-০৪ অর্থবছরে সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা এবং মানব উন্নয়নে লক্ষ্যণীয় অগ্রগতি অর্জন করে। জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির উর্ধ্বমুখিতা, ক্রমহ্রাসমান বাজেট ঘাটতি, রপ্তানি ও আমদানি প্রবৃদ্ধির উচ্চহার, বিগত তিন বছর যাবৎ চলতি হিসাবে উদ্বৃত্ত অর্জন, বৈদেশিক মুদ্রার রিজার্ভ পরিস্থিতির সন্তোষজনক ক্রমোন্নতি, প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ প্রবাহের উর্ধ্বমুখিতা এবং পুঁজিবাজারে আস্থার পুনরুজ্জীবন চলতি অর্থবছরে অর্থনৈতিক ক্ষেত্রে বাংলাদেশ সরকারের প্রধান সাফল্য। দায়িত্ব গ্রহণের পর গত আড়াই বছর যাবত সরকার সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা অর্জনসহ অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করার জন্য যে সব নীতি অনুসরণ এবং যে ব্যাপক কাঠামোগত সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করে আসছে এ সব সফলতা তারই প্রত্যক্ষ ফসল।

২। বিভিন্ন ক্ষেত্রে লক্ষ্যণীয় অগ্রগতি অর্জিত হওয়া সত্ত্বেও বাংলাদেশের অর্থনীতি এখনও বহুবিধ চ্যালেঞ্জের সম্মুখীন। দ্রুত দারিদ্র নিরসন, পরিবেশ বান্ধব টেকসই উন্নয়ন, এমএফএ-পরবর্তী কোটা বিলুপ্তির কারণে উদ্ভূত পরিস্থিতি, প্রাতিষ্ঠানিক সংস্কার এবং আইন শৃংখলা পরিস্থিতির অধিকতর উন্নয়নসহ নানা রকম প্রতিকূলতা সরকারকে প্রতিনিয়ত মোকাবেলা করতে হচ্ছে।

৩। সরকার এসব চ্যালেঞ্জ সম্পর্কে সম্যক অবহিত এবং তা মোকাবেলায় সুষ্ঠু নীতি বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ। উল্লেখ্য যে, সরকার জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যসমূহের সাথে সামঞ্জস্য রেখে মার্চ ২০০৩-এ অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র নিরসন এবং সামাজিক উন্নয়নের জন্য অর্ন্তবর্তীকালীন মধ্যমেয়াদি একটি জাতীয় কৌশলপত্র চূড়ান্ত করে। উক্ত কৌশলপত্রের আলোকে সরকার দ্রুত দারিদ্র নিরসনের মাধ্যমে অর্থনীতিকে উচ্চতর প্রবৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে বদ্ধপরিকর।

৪। অর্থনৈতিক সমীক্ষা ২০০৪-এ চলতি অর্থবছরে অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে যে সব অগ্রগতি অর্জিত হয়েছে তা' তুলে ধরা হয়েছে। এর পাশাপাশি সরকারের সামনে যে সব চ্যালেঞ্জ রয়েছে তার উপরও আলোকপাত করা হয়েছে।

৫। যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা মূল্যবান তথ্য ও উপাত্ত সরবরাহ করে এ সমীক্ষা প্রণয়নে সহায়তা করেছেন তাঁদের মোবারকবাদ জানাই। সমীক্ষায় উপস্থাপিত তথ্য ও উপাত্ত উৎসাহী পাঠক, গবেষক, শিক্ষাবিদ, শিক্ষার্থী এবং আগ্রহী প্রতিষ্ঠানসমূহের প্রয়োজন পূরণ করলে আমাদের শ্রম ও প্রয়াস সার্থক হবে। সমীক্ষাটি প্রণয়নে অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ যে নিরলস পরিশ্রম করেছেন তার জন্য তাঁদের ধন্যবাদ জানাই।

(মোঃ সাইফুর রহমান)

মন্ত্রী

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়